

কুবিতে ভর্তি পরীক্ষার আবেদন শুরু ২৭ নভেম্বর

কুবি প্রতিনিধি

২৩ নভেম্বর ২০২৫, ০৮:২৩ পিএম



কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের (কুবি) ২০২৫-২৬ শিক্ষাবর্ষের স্নাতক প্রথম বর্ষের ভর্তি পরীক্ষার আবেদন শুরু হবে আগামী ২৭ নভেম্বর থেকে। প্রথমবারের মতো কুমিল্লার বাইরেও এবার রাজশাহী বিশ্ববিদ্যালয়েও থাকবে পরীক্ষার কেন্দ্র।

রোববার (২৩ নভেম্বর) বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব) মোহাম্মদ এমদাতুল হক স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তি থেকে এ তথ্য জানা যায়।

বিজ্ঞপ্তি সূত্রে জানা যায়, আগামী ২৭ নভেম্বর থেকে ১৭ ডিসেম্বর পর্যন্ত দিন-রাত যেকোনো সময় পরীক্ষার্থীরা আবেদন করতে পারবে। বন্ধের দিনেও আবেদন করা যাবে। এছাড়া, আবেদন ফি গত বছরের ন্যায় ১০০০ টাকাই থাকবে।

উল্লেখ্য, কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের 'এ' ইউনিটের ভর্তি পরীক্ষায় আগামী বছরের ৩০ জানুয়ারি, 'বি' এবং 'সি' ইউনিটের ভর্তি পরীক্ষা ৩১ জানুয়ারি অনুষ্ঠিত হবে।